

চট্টগ্রাম মেডিকেল কলেজে (চমেক) স্থায়ী অধ্যক্ষের অভাবে বেতন জুটছে না ৩২৮ জন চিকিৎসক ও কর্মকর্তা-কর্মচারীর। গত বছর ১৬ নভেম্বর স্বেচ্ছায় অবসরে যান চমেক হাসপাতালের অধ্যক্ষ অধ্যাপক ডা. শামীম হাসান। পদ শূন্য হওয়ায় তার স্থানে দায়িত্ব দেওয়া হয় উপাধ্যক্ষ অধ্যাপক ডা. নাসির উদ্দিন মাহমুদকে। কিন্তু ভারপ্রাণ অধ্যক্ষের দায়িত্ব পালন করলেও আর্থিক কোনো বিষয়ে সিদ্ধান্ত নিতে পারছেন না তিনি। তাই গত ডিসেম্বর মাসে কলেজের চিকিৎসকসহ বিভিন্ন বিভাগে নিয়োজিত ৩২৮ জন কর্মকর্তা-কর্মচারী বেতন-ভাতা পাননি।

চট্টগ্রাম মেডিকেল কলেজের ভারপ্রাণ অধ্যক্ষ ডা. নাসির উদ্দিন মাহমুদ বলেন, স্থায়ী অধ্যক্ষ না থাকায় অর্থসংশ্লিষ্ট কোনো বিষয়ে সিদ্ধান্ত নেওয়া সম্ভব হচ্ছে না। এ কারণে গত মাসে কলেজের চিকিৎসকসহ বিভিন্ন বিভাগে নিয়োজিত ৩২৮ জন কর্মকর্তা-কর্মচারী বেতন-ভাতা পাননি। উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে শিগগির সমস্যার সমাধান হবে। চট্টগ্রাম মেডিকেল কলেজে ৩২৮ জন শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারী দায়িত্ব পালন করছেন। এর মধ্যে অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও সহকারী অধ্যাপক পদে কর্মরত ১৮৭ জন।